

একটাই লক্ষ্য  
হতে হবে দক্ষ

একই স্মারক ও তারিখে স্থলাবিধিতে



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২১০  
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৪০২.২৮.১০৩.২৬.৪৭১৮/৪০৮২

তারিখঃ ২৭ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ  
১০ ফেব্রুয়ারী, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রমে পাঠদান নবায়ন প্রসঙ্গে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর এ্যাফিলিয়েশন প্রাপ্ত নিম্নবর্ণিত প্রতিষ্ঠানটির আবেদনের প্রেক্ষিতে এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রমে উল্লিখিত স্পেশালাইজেশন সমূহে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে শর্তসাপেক্ষে ১ লা জুলাই ২০২৫ হতে ৩০ শে জুন ২০২৬ পর্যন্ত শিক্ষাবর্ষের জন্য পাঠদান নবায়ন করা হলো।

ক্র. নং	প্রতিষ্ঠান কোড	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	সর্বশেষ নবায়ন ফি প্রদানের শিক্ষাবর্ষ	স্পেশালাইজেশনের নাম	পাঠদান নবায়ন
১	৩৯১০৩	মাদারবুনিয়া ইউনিয়ন কারিগরি ও বাণিজ্যিক মহিলা কলেজ, ডাকঃ গেড়াখালী, সদর, পটুয়াখালী	২০২৫-২০২৬	1. Digital Technology in Business 2. Human Resource Development	১ লা জুলাই ২০২৫ হতে ৩০ শে জুন ২০২৬ পর্যন্ত

শর্তসমূহ:

- নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়ে নিজস্ব জমিতে উপযুক্ত ভৌত অবকাঠামো নিশ্চিত করতে হবে।
- ছাত্র-ছাত্রীর সংখ্যা ও পরিচালিত ট্রেড/টেকনোলজির চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক ও আকারের ক্লাশ রুমের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- পরিচালিত ট্রেড/টেকনোলজির জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সম্বলিত উপযুক্ত সংখ্যক ল্যাব/শপ নিশ্চিত করতে হবে।
- ছাত্র-ছাত্রীর সংখ্যা অনুসারে ক্লাশ পরিচালনার উপযোগী প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার ল্যাব এর ব্যবস্থা করতে হবে।
- ব্যবহারিক ক্লাশ পরিচালনার জন্য প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ নিশ্চিত করতে হবে।
- প্রবিধান মোতাবেক যথাযথ ক্লাশ রুটিন নিশ্চিত করতে হবে।
- রুটিন অনুসারে তাত্তিক ও ব্যবহারিক ক্লাশ অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।
- ছাত্র-ছাত্রীদের সন্তোষজনক হাজিরা নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়ন মূলক কার্যক্রম গ্রহণ এবং সন্তোষজনক ফলাফলের ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।
- লাইব্রেরীতে সংশ্লিষ্ট বিষয়ের পর্যাপ্ত সংখ্যক বই সংরক্ষণ করতে হবে এবং লাইব্রেরী শিক্ষার্থীদের ব্যবহারের জন্য খোলা রাখতে হবে।
- নীতিমালা অনুযায়ী উপযুক্ত পরিমাণ অর্থ (সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিল) ব্যাংকে জমা রাখতে হবে।
- এস, আর, ও অনুসারে যোগ্যতা সম্পন্ন ও প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ নিশ্চিত করতে হবে।
- এস, আর, ও অনুযায়ী বৈধ ব্যবস্থাপনা কমিটি থাকতে হবে।

স্বাক্ষরিত/-

(প্রকৌ. বি. এম. আমিনুল ইসলাম)

পরিদর্শক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

✉ inspector@bteb.gov.bd

অধ্যক্ষ

মাদারবুনিয়া ইউনিয়ন কারিগরি ও বাণিজ্যিক মহিলা কলেজ, ডাকঃ গেড়াখালী, সদর, পটুয়াখালী

Email: mahiuddinhaacptk@gmail.com

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৪০২.২৮.১০৩.২৬.৪৭১৮/৪০৮২

তারিখঃ ২৭ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ  
১০ ফেব্রুয়ারী, ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- সচিব/ পরিচালক (কারিকুলাম)/ পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিদর্শক/ পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি অত্র বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- অফিস কপি।

(প্রকৌ. মোহাম্মদ মামুনুল ইসলাম)

উপ-পরিদর্শক (বিএমটি)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

✉ dibmtbteb2023@gmail.com

☎ ০২ - ৫৫০০৭১৬৭